

## বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি

(Made in Bangladesh with Pride)

বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি নং-৭/৭এ, ব্লক নং-এইচ ১, সেক্টর- ১৭, উত্তরা, ঢাকা-১২৩০।

বিজ্ঞপ্তি নং-বিজিএ/গ্যাস ও বিদ্যুৎ/২০২২/২৩৯

১৭ অক্টোবর ২০২২

### সম্মানিত সকল সদস্যদের জন্য

বিষয় : সিলিভারের মাধ্যমে গ্যাস পরিবহনে সাবধানতা অবলম্বন প্রসঙ্গে।

প্রিয় সহকর্মী,

আসসালামু আলাইকুম।

আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাপী জ্বালানী সংকট চলছে। এর পরিপ্রেক্ষিতে আমাদের দেশেও জ্বালানীর অপ্রতুলতা চরম আকার ধারণ করেছে, যার প্রভাব আমাদের তৈরি পোশাক কারখানাসমূহে পড়েছে। তৈরি পোশাক কারখানাসমূহে স্বাভাবিক উৎপাদন কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে এবং রপ্তানি আদেশ অনুযায়ী ফিনিশিং কার্যক্রমসহ নির্দিষ্ট সময়ের মধ্যে পোশাক সরবরাহ করার লক্ষ্যে সিলিভারের মাধ্যমে কারখানায় গ্যাস পরিবহন করার প্রয়োজন হয়। তবে সিলিভারের মাধ্যমে গ্যাস পরিবহনে কখনো কখনো অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা ঘটছে। ইতিমধ্যে কয়েকটি দুর্ঘটনায় মৃত্যুসহ ক্ষয়ক্ষতি সংঘটিত হয়েছে। এ অবস্থায়, সিলিভারের মাধ্যমে কারখানায় গ্যাস পরিবহনে মেয়াদোত্তীর্ণ সিলিভার ব্যবহার পরিহারসহ অতিরিক্ত সাবধানতা অবলম্বন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান  
সভাপতি

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •